

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টম হাউস, মোংলা।
[নিলাম শাখা]

ই-মেইল-monglacustoms@gmail.com

“E-Auction বিজ্ঞপ্তি”


মোংলা বন্দর জেটিতে রক্ষিত আমদানীকৃত বিভিন্ন মডেলের রিকন্ডিশন গাড়ী ও অন্যান্য মালামাল যেখানে যে অবস্থায় আছে সে ভিত্তিতে নিলাম সেল নং-১৩/২০২২ এর বিপরীতে ০৪/১০/২০২২ খ্রিঃ তারিখে সিল্ড টেন্ডার ও E-Auction এর মাধ্যমে নিলামে বিক্রয় করা হবে। সে লক্ষ্যে দরপত্র আহবান করা হচ্ছে। আগামী ২২/০৯/২০২২ খ্রিঃ তারিখে ওয়েব সাইটে (mch.portal.gov.bd) সংরক্ষিত মূল্যসহ ক্যাটালগ প্রকাশ করা হবে এবং আগামী ২৯/০৯/২০২২ খ্রিঃ তারিখে চূড়ান্ত ক্যাটালগ প্রকাশ করা হবে।

নিলামে অংশগ্রহণকারী ব্যক্তির ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি এবং প্রতিষ্ঠানের ক্ষেত্রে হালনাগাদ ট্রেড লাইসেন্স, মূসক নিবন্ধন সনদ ও হালনাগাদ আয়কর সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

আগামী ২৫/০৯/২০২২ খ্রিঃ তারিখ হতে ০২/১০/২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত (ক) মোংলা কাস্টম হাউস, মোংলা, বাগেরহাট এর নিলাম শাখায় কর্মরত নিলামকারী মেসার্স আল-আমিন ট্রেডার্স এবং (খ) মেসার্স আল-আমিন ট্রেডার্স, টাউন হল সুপার মার্কেট, ২য় তলা, রুম নং-৫৭, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭ হতে ২০০/- (দুইশত) টাকা (অফেরৎযোগ্য) মূল্যে দরপত্র ক্রয় করা যাবে। অনলাইনে দাখিলের ক্ষেত্রে দরপত্র ক্রয়ের আবশ্যিকতা নেই। লটভুক্ত মালামাল আগামী ২৭/০৯/২০২২ খ্রিঃ ও ২৮/০৯/২০২২ খ্রিঃ তারিখ সকাল ০৯:৩০ টা হতে বিকাল ০৪.০০ টা পর্যন্ত পরিদর্শন করা যাবে।

অনলাইনে দরপত্র দাখিলে আগ্রহী নিলাম ক্রেতাগণ আগামী ০২/১০/২০২২ সকাল ৯.০০ ঘটিকা হতে ০৪/১০/২০২২ খ্রিঃ তারিখ সন্ধ্যা ০৭:০০ ঘটিকা পর্যন্ত www.bangladeshecustoms.gov.bd ওয়েবসাইট এ উল্লিখিত E-Auction Software(103.48.18.166/auction/501) এ রেজিস্ট্রেশন করে উক্ত নিলামে অংশগ্রহণ করতে পারবেন। অনলাইনে দাখিলকৃত দরদাতাকে কোটেশন মূল্যের কমপক্ষে ১০% অর্থ জামানত যে কোন তফসিলি ব্যাংক হতে কমিশনার, মোংলা কাস্টম হাউস এর অনুকূলে ইস্যুকৃত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/ডিডি এর স্ক্যান কপি অনলাইনে দাখিল করে এর মূল কপি ও প্রযোজ্য দলিলাদি ১০/১০/২০২২ খ্রিঃ তারিখের মধ্যে রাজস্ব কর্মকর্ত (নিলাম), মোংলা কাস্টম হাউস এর দপ্তরে দাখিল করতে হবে।

সীল্ড টেন্ডারের ক্ষেত্রে আগামী ০৪/১০/২০২২ খ্রিঃ তারিখ সকাল ৯:৩০ ঘটিকা হতে দুপুর ০১.০০ ঘটিকা পর্যন্ত (ক) কমিশনার, কাস্টম হাউস, মোংলা, বাগেরহাট (খ) কমিশনার, কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, খালিশপুর, খুলনা (গ) কমিশনার, কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট (ঢাকা দক্ষিণ), (ঘ) কাস্টম হাউস, চট্টগ্রাম অফিস সমূহে রক্ষিত দরপত্র বাঞ্ছ দরদাতা কর্তৃক উদ্ধৃত মূল্যের অন্যান্য ১০% জামানতসহ দরপত্র দাখিল করা যাবে। প্রাপ্ত দরপত্র আগামী ১১/১০/২০২২ খ্রিঃ তারিখ সকাল ১০:০০ টার সময় ডেপুটি কমিশনার (নিলাম), মোংলা কাস্টম হাউস, মোংলা, বাগেরহাট এর কক্ষে দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হবে। নিলাম সংক্রান্ত নিয়মাবলী ও বিস্তারিত তথ্য সিডিউলে উল্লেখ থাকবে। প্রাথমিক তথ্যের জন্য মোঃ আবু বাসার সিদ্দিকী, রাজস্ব কর্মকর্তা (নিলাম), মোবাঃ-০১৭১৩-৫২৮৫৯১; মোঃ রুহুল আমিন, রাজস্ব কর্মকর্তা (নিলাম), মোবাঃ-০১৭১০-২৮৩৬১৫ এবং নিলামকারী প্রতিষ্ঠান: মেসার্স আল-আমিন ট্রেডার্স (ছোমায়ুন কবির বুলবুল, মোবাঃ-০১৭১১-১৪৭২৭৮) সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।


20.09.22
(মোঃ মিজানুর রহমান)
ডেপুটি কমিশনার